যুগান্তর

তারিখ ... 28 JUL 2015 ...
পৃষ্ঠা ... ১৪ ... কলাম ... ৭ ......

# ট্রাস্টি বোর্ড ও ভিসিদের সঙ্গে ইউজিসির বৈঠক ১৩ আগস্ট

যুগান্তর রিপোর্ট

বিভিন্ন বিশ্ববিদ্যালয়ের ট্রাস্টি বোর্ডের চেয়ারম্যান ও ভিসিকে নিয়ে ১৩ আগস্ট বৈঠক ডাকা
হচ্ছে। সরকারি আইন ও বিধিবিধান প্রতিপালনের অগ্রগতি নিয়ে পর্যালোচনার জন্য ওই
বৈঠক করা হবে। বিশ্ববিদ্যালয় মঞ্জুরি কমিশনে (ইউজিসি) অনুষ্ঠেয় ওই বৈঠকে শিক্ষামন্ত্রী
নুরুল ইসলাম নাহিদ যোগ দেবেন। সোমবার শিক্ষা মন্ত্রণালয়ে এক বৈঠকে এ সিদ্ধান্ত নেয়া
হয়েছে। শিক্ষামন্ত্রীর সভাপতিত্বে এ বৈঠকে ইউজিসি চেয়ারম্যান অধ্যাপক আবদুল মান্নান,
তিন কর্মকর্তা ও মন্ত্রণালয়ের বেসরকারি বিশ্ববিদ্যালয় শাখার ঊর্ধ্বতন কর্মকর্তারা যোগ দেন।
প্রায় সোয়া ঘণ্টাব্যাপী এ বৈঠক অনুষ্ঠিত হয়। এ বৈঠকের আগে পৃথকভাবে শিক্ষামন্ত্রী এবং
ইউজিসি চেয়ারম্যানও আলাদা আরেকটি বৈঠক করেন। সূত্র জানায়, পৃথক এ দুটি বৈঠকে
পাবলিক ও বেসরকারি বিশ্ববিদ্যালয়ের সার্বিক পরিস্থিতি নিয়ে বিশেষ করে বেশ কয়েকটি
পাবলিক বিশ্ববিদ্যালয়ের অচলাবস্থা এবং বেসরকারি বিশ্ববিদ্যালয়গুলোর স্থায়ী ক্যাম্পাসে
গমন ও অবৈধ ক্যাম্পাস পরিচালনার বিষয়ে আলোচনা হয়েছে। একই সঙ্গে আইন না মানা
এসব বিশ্ববিদ্যালয়ের বিরুদ্ধে কী ব্যবস্থা নেয়া যায় সে বিষয়ে পর্যালোচনা হয়। বৈঠক সূত্রে
জানা গেছে, বৈঠকে বেসরকারি বিশ্ববিদ্যালয়ে শিক্ষার মান যাচাইয়ের জন্য বহুল আলোচিত
অ্যাক্রেডিটেশন কাউন্সিল ও ইউজিসির ক্ষমতা বাড়ানোর ব্যাপারে আইনের সংশোধন ও
বিধিমালা প্রণয়নের কাজ দ্রুত করার ব্যাপারে জরুরি পদক্ষেপ নেয়ার সিদ্ধান্ত হয়েছে।
বৈঠকের পর শিক্ষামন্ত্রী নুরুল ইসলাম নাহিদ বলেন, ২০১০ সালে বেসরকারি বিশ্ববিদ্যালয়
আইন করার পরই দেশের বেসরকারি বিশ্ববিদ্যালয়গুলোকে শৃংখলার মধ্যে আনা হয়েছে।
তারা নিজস্ব ক্যাম্পাসে শিক্ষা কার্যক্রম শুরু করেছে। বেসরকারি বিশ্ববিদ্যালয়ে শিক্ষার সুষ্ঠু
পরিবেশ বজায় থাকে তা নিশ্চিত করতে কার্যক্রম হাতে নেয়া হয়েছে।